

দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

(পূর্ব প্রকাশের পর)

৫ সেপ্টেম্বর '৯৯ জনাব রফিক বাংলাদেশের শিক্ষা সচিব কাজী রফিক উদ্দিনের সাথে পুনরায় টেলিফোনে কথা বলেন, প্রস্তাবটি ইউনেস্কোর সদর দফতরে ১০ সেপ্টেম্বর '৯৯-এর মধ্যে অবশ্যই পৌছাতে হবে—এ বিষয়ে বিশেষভাবে অনুরোধ করেন। শিক্ষা সচিব গভীর অগ্রহ প্রকাশ করেন এবং শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের নিকট বিষয়টি তুলে ধরেন। শিক্ষামন্ত্রী কালবিলম্ব না করে মাননীয় প্রধানমন্ত্রীকে তা অবহিত করেন। সেদিন ছিল ৯ সেপ্টেম্বর '৯৯। মাননীয় প্রধানমন্ত্রী বিষয়টির সার্বিক স্বস্তি অনুভবন করে প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করতে বলেন এবং ৯ তারিখ রাতেই তা ইউনেস্কোর সদর দফতরে প্রেরণ করতে নির্দেশ দেন। তদানুসারে বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কোর মাননীয় সচিব প্রফেসর কফিল উদ্দিন আহমদ কর্তৃক ৯/৯/১৯৯৯ তারিখে স্বাক্ষরিত একশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করার ঐতিহাসিক আনুষ্ঠানিক প্রস্তাবটি এ রাতেই ফ্যাক্সযোগে ইউনেস্কোর সদর দফতরে পৌছে যায়।

Date 09.09.1999

BNCU/ED-25/99/424/Edn

Subject : Submission of a Draft Resolution regarding declaration of an International Mother Language Day to be observed on 21 February every year throughout the world.

Excellency,

On behalf of the Government of the Peoples' Republic of Bangladesh, I am sending herewith the filled in form for the submission of a resolution regarding the declaration of an 'International Mother Language Day' on 21 February every year ... In this regard ... a multilingual group from Canada has already proposed UN and UNESCO. With kind regards,

Yours sincerely,

Prof. Kafiluddin Ahmed
Secretary, Bangladesh National
Commission for UNESCO.

To

H.E. Mr. Federico Mayor, Director General, UNESCO, Paris.

Attn : Anna Maria Majlof, Program Specialist, Language Division (ED).

CC: (i) H.E. The Ambassador, Embassy of Bangladesh, Paris. (ii) Tony Huq, Senior Special Advisor to DG, UNESCO on Asia and the Pacific. (iii) Mr. Rafiqul Islam, Mother Language Lovers of The World, Canada.

১ অক্টোবর '৯৯, টনি হুকের সেক্রেটারি মারবারা স্টিক্লার জনাব রফিকের নিকট এক চিঠিতে লেখেন :

7 October 1999

To Mr. Rafiq, Canada

একশে ফেব্রুয়ারি বিশ্ব মাতৃভাষা দিবস

স্বীকৃতি এলো
যেভাবে

কাজী কুদরত-ই-খোদা / এম. এইচ. কবীর মেহরাব

From Barbara Stickler, Secretary to Mr. T. Huq, Senior Special Advisor to the Director General.

...Mr. Huq had to leave Paris. ...wrote me to tell you that the proposal 'International Mother Language Day' has been approved by the inhouse inter-sectoral screening committee ...to be presented at the General Conference for adoption. ...We now need to enlist the support of the Member States ...

Barbara S.

যার সাবমর্ম হলো— প্রস্তাবটি এক্সিকিউটিভ বোর্ডে গৃহীত হয়েছে। জেনারেল কনফারেন্সে তা এখন পাঠানো হবে অনুমোদনের জন্য। আমাদের যা এখন প্রয়োজন তা হলো সদস্য দেশসমূহের সমর্থনলাভ।

একশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ইউনেস্কোর ৩০তম জেনারেল কনফারেন্সে গ্রহণ করার জন্য উদাত্ত আহ্বান জানিয়ে জনাব রফিক অক্টোবর ১৯, ১৯৯৯ ইউনেস্কোর সদস্য দেশসমূহের প্রতিনিধিদের নিকট পত্র প্রেরণ করেন।

October 19, 1999

To The Representatives

Member States of the UNESCO

Sub : International Mother Language Day

Dear Excellencies

...May we therefore, request the UNESCO's 30th General Conference to adopt the resolution ...and present a gift to this world community of ours where we all live alongside each other, sense of Tolerance, Respect and Pride for generations to come.

Thanking all of you,

For and on behalf of

The Mother Language Lovers of

the World.

Rafiqul Islam, Canada.

২৬ অক্টোবর, ১৯৯৯ ইউনেস্কোর ৩০তম অধিবেশনে ড্রাফট প্রস্তাবটি উপস্থাপন করা হয়। ১৩ নভেম্বর '৯৯ আনা মারিয়া জনাব রফিককে উপস্থাপিত রেজুলুশনটির একটি কপি সহ এক পত্র পাঠান :

13 November 1999

To Mr. Rafiqul Islam, Canada

Sub: International Mother

Language Day

Dear Sir,

...the draft resolution which was adopted by Commission II yesterday at 1 p.m. On November 16th General Conference Plenary Session will provide us with the details on its implementation and when we can actually start the preparation for the very first International Day either in 2000 or 2001. I thank you once again for your support in this matter and will contact you immediately after 16th of November, with further concrete information. I should also like to inform you that Bangladesh made a great work yesterday in Commission II and we are very grateful to them. Anna Maria Majlof-UNESCO.

২৬ অক্টোবর থেকে ১৭ নভেম্বর '৯৯ মাননীয় শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক, স্পেশাল এডভাইজার টু দা ডি.জি. অব ইউনেস্কো জোজায়েল হক, রাষ্ট্রদূত সৈয়দ মোমাজ্জেম আলী, বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কোর সচিব প্রফেসর কফিল উদ্দিন আহমদ এবং প্যারিসে বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর ইশতিয়াক চৌধুরী এই প্রস্তাবটি পাস করানোর জন্য ব্যাপক কূটনৈতিক তৎপরতা চালান। ১৭ নভেম্বর '৯৯ ইউনেস্কোর জেনারেল কনফারেন্স ফর প্রেনারি সেশন-এ ১৮৮ ভোটে সর্বসম্মতভাবে প্রস্তাবটি অনুমোদন লাভ করে।

"...Recognizing the unprecedented sacrifice made by Bangladesh for the cause of mother language on 21 February 1952...that 21 February be proclaimed International Mother Language Day throughout the world to commemorate the martyrs who sacrificed their lives on this very date in 1952."

ইউনেস্কোর এই মহান ঘোষণায় ধন্য হলো বাংলা ভাষা, আমাদের মাতৃভাষা।

এই মহান কর্মের স্বীকৃতিস্বরূপ ইউনেস্কো সদর দফতর ২০০০ সালের একশে ফেব্রুয়ারিতে প্রথম বিশ্ব মাতৃভাষা দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে জনাব রফিক ও সালামকে সপরিবারে প্যারিসে আমন্ত্রণ জানায়। জনাব রফিক এ সাপার আমন্ত্রণ গ্রহণ করে সস্ত্রীক উক্ত অনুষ্ঠানে যোগদান করেন।

(অসমাপ্ত)